

## 💵 সুনান আত তিরমিজী (তাহকীককৃত)

হাদিস নাম্বারঃ ১৭৭০

২২/ পোশাক পরিচ্ছদ (کتاب اللباس)

পরিচ্ছেদঃ ৩১. স্বর্ণ দিয়ে দাত বাঁধানো

# باب مَا جَاءَ فِي شَدِّ الأَسْنَانِ بِالذَّهَبِ

#### আরবী

حَدَّثَنَا أَحْمَدُ بْنُ مَنِيعٍ، حَدَّثَنَا عَلِيُّ بْنُ هَاشِمِ بْنِ الْبَرِيدِ، وَأَبُو سَعْدِ الصَّغَانِيُّ عَنْ أَبِي الْأَشْهَبِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ، عَنْ عَرْفَجَةَ بْنِ أَسْعَدَ، قَالَ أُصِيبَ أَنْفِي يَوْمَ الْأَشْهَبِ، عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ، عَنْ عَرْفَجَة بْنِ أَسْعَدَ، قَالَ أُصِيبَ أَنْفِي يَوْمَ الْكُلاَبِ فِي الْجَاهِلِيَّةِ فَاتَّخَذْتُ أَنْفًا مِنْ وَرِقٍ فَأَنْتَنَ عَلَىَّ فَأَمَرَنِي رَسُولُ اللّهِ صلى الله عليه وسلم أَنْ أَتَّخِذَ أَنْفًا مِنْ ذَهَبِ.

حَدَّتَنَا عَلِيُّ بْنُ حُجْرٍ، حَدَّتَنَا الرَّبِيعُ بْنُ بَدْرٍ، وَمُحَمَّدُ بْنُ يَزِيدَ الْوَاسِطِيُّ، عَنْ أَبِي الْأَشْهَب، نَحْوَهُ . قَالَ أَبُو عِيسَى هَذَا حَدِيثُ حَسَنُ غَرِيبٌ إِنَّمَا نَعْرِفُهُ مِنْ حَدِيثِ عَبْدِ الأَشْهَب، نَحْوَهُ . وَقَدْ رَوَى سَلْمُ بْنُ زَرِيرٍ عَنْ عَبْدِ الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ نَحْوَ حَدِيثِ أَبِي الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ نَحْوَ حَدِيثٍ أَبِي الرَّحْمَنِ بْنِ طَرَفَةَ . وَقَدْ رُويَ عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنَّهُمْ شَدُّوا أَسْنَانَهُمْ بِالذَّهَبِ وَفِي هَذَا الْأَشْهَب . وَقَدْ رُويَ عَنْ غَيْرِ وَاحِدٍ مِنْ أَهْلِ الْعِلْمِ أَنَّهُمْ شَدُّوا أَسْنَانَهُمْ بِالذَّهَب وَفِي هَذَا الْحَدِيثِ حُجَّةٌ لَهُمْ . وَقَالَ عَبْدُ الرَّحْمَنِ بْنُ مَهْدِيٍّ سَلْمُ بْنُ رَزِينٍ وَهُوَ وَهَمٌ وَأَبُو سَعْدٍ الصَّغَانِيُّ اسْمُهُ مُحَمَّدُ بْنُ مُيْسَرٍ .

#### বাংলা

১৭৭০। আরফাজা ইবনু আসআদ (রাঃ) হতে বর্ণিত আছে, তিনি বলেন, জাহিলী আমলে কুলাবের যুদ্ধে আমার নাক আঘাতপ্রাপ্ত হয়ে নষ্ট হয়ে যায়। আমি রুপার একটি নাক বাধিয়ে নিলাম। কিন্তু আমি তাতে দুর্গন্ধ অনুভব করি। রাসুলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম আমাকে একটি স্বর্ণের নাক বানিয়ে নিতে বললেন।

হাসান, মিশকাত তাহকীক ছানী (৪৪০০)

আলী ইবনু হুজর রাবী ইবনু বাদর হতে এবং মুহাম্মাদ ইবনু ইয়াযীদ আল-ওয়াসিতী আবূল আশহাব হতে অনুরূপ বর্ণনা করেছেন।



এ হাদীসটিকে আবৃ ঈসা হাসান গারীব বলেছেন। আমরা এ হাদীস সম্বন্ধে শুধু আবদুর রাহমান ইবনু তারাফার সূত্রে জেনেছি। সালম ইবনু যারীর ও আব্দুর রহমান ইবনু তারাফার সূত্রে আবুল আশহাবের হাদিসের মতই বর্ণনা করেছেন। অসংখ্য অভিজ্ঞ আলিম হতে বর্ণিত আছে, তারা নিজেদের দাঁত স্বর্ণ দ্বারা বাধিয়ে নিয়েছেন। এ হাদীসটি তাদের দলীল। আবদুর রাহমান ইবনু মাহদী বলেন, সালম ইবনু জারীর বলা অমূলক বরং ইবনু ওয়া জারীর সঠিক। আবৃ সাঈদ আস-সানআনীর নাম মুহাম্মাদ, পিতা মুইয়াসসির।

### **English**

Another chain with similar meaning.

#### [Abu 'Eisa said:

] This Hadith is Hasan Gharib, we only know of it as a narration of 'Abdur-Rahman bin Tarafah. Salm bin Zarir reported similar to the narration of Abu Al-Ashhab from 'Abdur-Rahman bin Taraqah - "from 'Abdur-Rahman bin Taraqah." It has been related about more than one of the people of knowledge that they would brace their teeth with gold, and in this Hadith there was a proof for them.

'Abdur-Rahman bin Mahdi said: "Salm bin Zarin" but that is an error, "Zarir" is more correct, and Abu Sa'd As-San'ani's (a narrator in this chain) name is Muhammad bin Muyassir.

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হুসাইন আল-মাদানী 🛘 বর্ণনাকারীঃ আরফাজাহ্ ইবন আসআদ (রাঃ)

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন